**অবিলম্বে প্রকাশের জন্য:** 12/20/2025 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল সিরাকিউজে আধুনিক ইন্টারস্টেট 81 ভায়াডাক্ট প্রকল্পের নতুন অগ্রগতি জানালেন

***নর্থ ক্লিনটন স্ট্রিটে I-81 দক্ষিণমুখী নতুন র‍্যাম্পের নিরাপত্তা উন্নত করছে এবং নর্থসাইড ও ইনার হারবারে অ্যাক্সেস বাড়াচ্ছে***

***ফুটপাত ও শেয়ার্ড ইউজ পথসহ সম্প্রসারিত স্পেনসার স্ট্রিট ব্রিজ এখন যানবাহন চলাচলের জন্য চালু রয়েছে***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে সিরাকিউজ সিটির নর্থ ক্লিনটন স্ট্রিটে ইন্টারস্টেট 81 দক্ষিণমুখী (ভবিষ্যৎ বিজনেস লুপ 81) সড়কে নতুন প্রবেশ ও নির্গমন র‍্যাম্প খুলে দেওয়া হয়েছে যা সিটির ঐতিহাসিক নর্থসাইড ও মেরামতকৃত ইনার হারবারে সহজ ও দ্রুত অ্যাক্সেস দেবে। এছাড়াও, সাইকেল ও পথচারীদের জন্য উন্নত সুবিধাসহ নতুন স্পেন্সার স্ট্রিট সেতুটি এখন উন্মুক্ত যা পরিবহন ব্যবস্থার সকল ব্যবহারকারীর জন্য নর্থসাইড ও ইনার হারবারের মধ্যে আরো সরাসরি সংযোগ নিশ্চিত করবে। নতুন এই র‍্যাম্প ও সেতু একসঙ্গে ইন্টারস্টেট 81 ভায়াডাক্ট প্রকল্পের সর্বশেষ গুরুত্বপূর্ণ মাইলফলক যা স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (State Department of Transportation) কর্তৃক পরিচালিত সর্ববৃহৎ নির্মাণ প্রকল্প এবং এটি সেন্ট্রাল নিউ ইয়র্কে সংযোগ, চলাচল ও সুযোগ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

“ইন্টারস্টেট 81 ভায়াডাক্ট প্রকল্পের একেবারে শুরু থেকেই আমাদের লক্ষ্য ছিল সেন্ট্রাল নিউ ইয়র্কের বিভিন্ন কমিউনিটিকে একসূত্রে বেঁধে রাখা সংযোগগুলোকে আরো শক্তিশালী করা এবং আমরা প্রতিদিন সেই লক্ষ্য অর্জনে কাজ করে যাচ্ছি,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “নতুন র‍্যাম্প এবং পুনর্নির্মিত সেতু সিরাকিউজ সিটির নর্থসাইড ও ইনার হারবারে সহজে চলাচলযোগ্য প্রবেশপথ তৈরি করেছে যা মোটরচালক, পথচারী ও সাইকেল আরোহীদের জন্য চলাচল উন্নত করছে এবং প্রতিদিন এই পথগুলোর উপর নির্ভরশীল হাজারো বাসিন্দা ও যাত্রীদের জীবনকে আরো সহজ ও নিরাপদ করে তুলছে।”

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনের কমিশনার Marie Therese Dominguez (মেরি থেরেসে ডোমিঙ্গুয়েজ) বলেন,** “I-81 ভায়াডাক্ট প্রকল্পটি ইতোমধ্যেই সেন্ট্রাল নিউ ইয়র্কজুড়ে মানুষ ও পণ্যের চলাচলে গতি আনছে এবং সিরাকিউজের পরিবহন অবকাঠামোয় এই নতুন উন্নয়নগুলো সিটির সবচেয়ে বৈচিত্র্যময় কিছু পাড়া-মহল্লা, ডাউনটাউন সিরাকিউজ এবং ইউনিভার্সিটি হিলের শিক্ষা ও কর্মসংস্থানের কেন্দ্রের সঙ্গে ব্যাপক নতুন

সংযোগ সৃষ্টি করবে। এগুলো আমাদের সেই লক্ষ্য বাস্তবায়নের আরো এক ধাপ কাছাকাছি নিয়ে যাচ্ছে — একটি এলিভেটেড হাইওয়ে অপসারণ করা যা বছরের পর বছর ধরে এই কমিউনিটির উপর নেতিবাচক প্রভাব ফেলেছে।"

ইন্টারস্টেট 81-এর দক্ষিণমুখী লেনে নর্থ ক্লিনটন স্ট্রিটে নির্মিত নতুন অন-অ্যান্ড-অফ-র‍্যাম্পগুলো মহাসড়কে যাতায়াতের একটি সহজ ও কার্যকর সংযোগ তৈরি করেছে, এতে একাধিক মার্জ পয়েন্ট বাতিল হয়েছে এবং চালকদের শেষ মুহূর্তে লেন পরিবর্তনের প্রয়োজন উল্লেখযোগ্যভাবে কমে গেছে। এই র‍্যাম্পগুলো নর্থ ক্লিনটন স্ট্রিটের আশপাশের অসংখ্য ব্যবসা প্রতিষ্ঠান ও আবাসিক এলাকার সঙ্গে সরাসরি যোগাযোগ নিশ্চিত করার পাশাপাশি, উত্তরের দিকে নর্থসাইড, ইনার হারবার ও ডেস্টিনি ইউএসএগামী চালকদের জন্য এবং দক্ষিণের দিকে ফ্র্যাঙ্কলিন স্কয়ার বা ডাউনটাউন সিরাকিউজে যাওয়ার ক্ষেত্রে এটি একটি বিকল্প স্থানীয় পথ হিসেবে কাজ করবে।

নতুন র‍্যাম্প চালু হওয়ার ফলে, I-81 দক্ষিণমুখী থেকে স্পেন্সার স্ট্রিট/ক্যাটাওবা স্ট্রিট অফ-র‍্যাম্প এবং জেনান্ট ড্রাইভ থেকে I-81 দক্ষিণমুখী অন-র‍্যাম্পটি বন্ধ হয়ে গেছে।

I-81-এর উপর অবস্থিত মূল স্পেন্সার স্ট্রিট সেতুটি গত বছর বন্ধ করে দেওয়া হয় এবং তার একই স্থানে নতুন সেতু নির্মাণ করা হয়েছে। তবে ভবিষ্যতের পরিবর্তিত বিজনেস লুপ 81-এর নিচ দিয়ে চলাচল নিশ্চিত করতে নতুন সেতুটি আগের তুলনায় 30 ফুটেরও বেশি লম্বা, এতে দক্ষিণ পাশে দশ-ফুট প্রশস্ত ফুটপাত রয়েছে যা আগের সেতুর ফুটপাতের দ্বিগুণ এবং উত্তর পাশে একটি শেয়ার্ড ইউজ পথ যুক্ত করা হয়েছে। এই সেতুটি চালক, পথচারী ও সাইকেল আরোহীদের জন্য নর্থসাইড এলাকার বিভিন্ন পাড়া — লিটল ইতালি, সেডউইক ও হাউলি-গ্রিন— এ যাতায়াতের সুযোগ তৈরি করার পাশাপাশি সেন্ট জোসেফস হেলথ হাসপাতালসহ গুরুত্বপূর্ণ চিকিৎসা প্রতিষ্ঠান এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক রিজিওনাল মার্কেট ও NBT ব্যাংক স্টেডিয়ামের মতো স্থানীয় গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোর সঙ্গে সংযোগ স্থাপন করেছে। এছাড়াও এটি সিরাকিউজের দ্রুত বিকাশমান ওয়াটারফ্রন্ট এলাকার প্রবেশদ্বার হিসেবে কাজ করছে যেখানে রয়েছে বিভিন্ন রেস্তোরাঁ, মুদি দোকান, কমিউনিটি ইভেন্ট ও উৎসব পালনের ব্যবস্থা। সেতুর দুই পাশে স্থাপিত নতুন সজ্জিত আলো সন্ধ্যা ও ভোরের সময় চলাচলকারীদের দৃশ্যমানতা ও নিরাপত্তা বাড়িয়ে দিয়েছে।

নর্থসাইড ও ইনার হারবার এলাকায় নিম্নোক্ত চলমান ও ভবিষ্যৎ উন্নয়ন প্রকল্পগুলো 2026 সালের শেষ নাগাদ সম্পন্ন হওয়ার কথা:

- নিউ বিয়ার স্ট্রিট ও কোর্ট স্ট্রিট ব্রিজ
- নর্থ ক্লিনটন স্ট্রিট ও ওয়েস্ট বিয়ার স্ট্রিটের পুনর্নির্মাণ
- I-690 পশ্চিমমুখী অন-র‍্যাম্পের জন্য স্পেন্সার স্ট্রিট ও ওয়েস্ট বিয়ার স্ট্রিটের মেরামত
- এম্পায়ার স্টেট ট্রেইলে আধুনিক অ্যাক্সেস

I-81 ভায়াডাক্ট প্রকল্পটি গভর্নর Hochul (হোকল)-এর নজিরবিহীন উদ্যোগের অংশ যার লক্ষ্য নিউ ইয়র্ক স্টেটের অবকাঠামো আধুনিকীকরণ এবং ন্যায়ভিত্তিক, সংযুক্ত ও বহু-মাধ্যমভিত্তিক পরিবহন ব্যবস্থার মাধ্যমে কমিউনিটিগুলোকে পুনরায় সংযুক্ত করা। 34.3 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের NYSDOT ক্যাপিটাল পরিকল্পনা গভর্নরের আধুনিক পরিবহন ব্যবস্থার স্বপ্ন বাস্তবায়নে সহায়তা করছে যা পুরো স্টেটের মানুষের সেবা নিশ্চিত করবে। এই প্রকল্পটি ফেডারেল ও স্টেটের তহবিলের সমন্বয়ে বাস্তবায়িত হচ্ছে।

এক থেকে পাঁচ পর্যন্ত চুক্তিসহ, I-81 Viaduct প্রজেক্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, এখানে ক্লিক করুন।

**সিরাকিউজ সিটির মেয়র Ben Walsh (বেন ওয়ালশ) বলেন,** "ইনার হারবারে অ্যাক্সেস উন্নত করা এবং নর্থসাইডের বাসিন্দাদের জন্য আরো ভালো পথচারী ও সাইকেল চলাচলের রুট তৈরি করা সিটি অব সিরাকিউজের একটি উচ্চ অগ্রাধিকার ছিল। আমাদের টিম DOT-এর 81 প্রকল্প টিমের সঙ্গে দৃঢ়ভাবে কাজ করেছে এবং এই উন্নয়নগুলো প্রমাণ করে যে স্টেট আমাদের মতামত গ্রহণ করছে। আমি গভর্নর Hochul (হোকল) ও কমিশনার Dominguez (ডোমিঙ্গুয়েজ)-কে তাদের অংশীদারত্ব এবং প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য ধন্যবাদ জানাই।"

**ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন সম্পর্কে**
নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের মিশন হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায্য এবং প্রাণবন্ত পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে।

জীবন বিপন্ন হতে পারে; হাইওয়ে কর্মীদের জন্য ধীরে যান এবং পাশ দিয়ে যান!

আরো তথ্য জানতে, তাদের ফেসবুকে খুঁজুন, এক্স বা ইন্সটাগ্রামে আমাদের অনুসরণ করুন অথবা আমাদের ওয়েবসাইট দেখুন। আপডেটকৃত ভ্রমণ তথ্যের জন্য, 511 নম্বরে কল করুন, www.511NY.org ভিজিট করুন অথবা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন